



ভর্তি

কৃষিগুচ্ছ ভর্তিতে আবেদন শুরু, ৩৭১৮ আসনের আবেদন ২০১৯ সালের এসএসসি পাসেও

নিজস্ব প্রতিবেদক ঢাকা

ফাইল ছবি: প্রথম আলো

দেশের ৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ পদ্ধতিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিতে আবেদন আজ সোমবার (২২ এপ্রিল) আবেদন গ্রহণ শুরু হয়েছে। আবেদন ফি নির্ধারণ করা হয়েছে **১ হাজার ২০০ টাকা** (ট্রান্সজেকশন ফি ছাড়া)।

আবেদনের যোগ্যতা

বিজ্ঞপ্তিতে আবেদনের যোগ্যতায় বলা হয়েছে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের ২০১৯/২০২০/২০২১ সালে এসএসসি/সমমান এবং ২০২২/২০২৩ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছেন, কেবল তাঁরাই আবেদন করতে পারবেন। ২০২২ সালে এসএসসি/সমমান মানোন্নয়ন পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরাও আবেদন করতে পারবেন;

*আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটির চতুর্থ বিষয় ছাড়া ন্যূনতম জিপিএ ৪ এবং সর্বমোট জিপিএ ৮ দশমিক ৫ থাকতে হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, আবেদন গ্রহণ শুরু হবে ২২ এপ্রিল থেকে। চলবে ৩০ মে পর্যন্ত। আর ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ২০ জুলাই শনিবার বেলা সাড়ে ১১টায়। শেষ হবে

By using this site, you agree to our Privacy Policy.

দুপুর সাড়ে ১২টায়। আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১২০০ টাকা। প্রবেশপত্র সংগ্রহসহ অন্যান্য গুরুত্ব বিষয় অনলাইন ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

প্রথম আলো ফাইল ছবি

কোনো বিশ্ববিদ্যালয়ে কত আসন

সব চেয়ে বেশি আসন রয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে। সবচেয়ে কম আসন কৃষি গুচ্ছ নতুন যুক্ত হওয়া কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে। এ বিশ্ববিদ্যালয়টি চলতি শিক্ষাবর্ষ থেকে শিক্ষা কার্যক্রম চালুর অনুমোদন পেয়েছে। ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, ৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছপদ্ধতিতে মোট আসন ৩ হাজার ৭১৮টি। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১১১৬টি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৩৫টি, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ৬৯৮টি, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৪৪৮টি, চট্টগ্রাম ভেটেনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস ইউনিভার্সিটি ২৭০টি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ৪৩১টি, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় ১৫০টি, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় ৯০টি ও কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে ৮০টি আসন রয়েছে।

৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ভর্তি বিজ্ঞপ্তি দেখুন.pdf

ডাউনলোড

ভর্তির গুরুত্বপূর্ণ তারিখ

By using this site, you agree to our Privacy Policy.

*আবেদন গ্রহণ শুরু ২২ এপ্রিল

*আবেদন চলবে ৩০ মে পর্যন্ত

*ভর্তি পরীক্ষা ২০ জুলাই। ওই দিন বেলা সাড়ে ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার নম্বর

ভর্তি পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরে হবে। ২০২৩ সালের এইচএসসি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী (ইংরেজি ১০, প্রাণিবিজ্ঞান ১৫, উদ্ভিদবিজ্ঞান ১৫, পদার্থবিজ্ঞান ২০, রসায়ন ২০ এবং গণিত ২০) ১০ নম্বরের পরীক্ষা হবে।

৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ পদ্ধতিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিতে পরীক্ষা হবে ১০০ নম্বরে ছবি: দীপু মালাকার

পরীক্ষাকেন্দ্র

সারা দেশে পরীক্ষাকেন্দ্র ৮টি। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর; শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা; পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী; চট্টগ্রাম ভেটেনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস ইউনিভার্সিটি, চট্টগ্রাম; সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট; খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা এবং হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষাকেন্দ্রগুলোর তালিকা অনুযায়ী

আবেদনকারীকে ১ থেকে ৮ পর্যন্ত পরীক্ষাকেন্দ্রের পছন্দক্রমে উল্লেখ করতে হবে।

By using this site, you agree to our Privacy Policy.



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো